

প্রোফাইল



নৌ-পরিবহন মন্ত্রণালয়ের সহকারী সচিব জনাব মোঃ কুতুব উল আলম একজন নন-ক্যাডার কর্মকর্তা। তিনি ২ নভেম্বর, ১৯৬৯ সালে পাবনা জেলার হামচিয়াপুর গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম মৃত- নূরমহম্মদ আলী বিশ্বাস ও মাতার নাম রমেছা বেগম। তিনি পাবনা জেলার কয়রাবাড়ী উচ্চ বিদ্যালয় হতে ১৯৮৩ সালে মাধ্যমিক, ঈশ্বরদী সরকারী কলেজ হতে ১৯৮৬ সালে উচ্চ মাধ্যমিক এবং মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজ, ঢাকা হতে ১৯৯৫ সালে বিএ পাশ করেন।

জনাব মোঃ কুতুব উল আলম ২৮ অক্টোবর, ১৯৯২ সালে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে ব্যক্তিগত কর্মকর্তা হিসেবে চাকুরীতে যোগদান করেন। তিনি ২৪ ডিসেম্বর, ২০১৩ সালে সহকারী সচিব (নন ক্যাডার) পদে পদোন্নতি পান এবং নৌ-পরিবহন মন্ত্রণালয়ে সহকারী সচিব পদে যোগদান করেন। বর্তমানে তিনি নৌ-পরিবহন মন্ত্রণালয়ের বাজেট, অডিট ও আইন শাখায় সহকারী সচিব হিসেবে দায়িত্ব পালন করছেন।

জনাব মোঃ কুতুব উল আলম ব্যক্তিগত জীবনে খুব ভ্রমনপ্রিয় একজন মানুষ। তিনি দেশের বিভিন্ন দর্শনীয় স্থান ভ্রমন করেছেন। তিনি নৌপরিবহন মন্ত্রণালয়ে যোগদানের পর চীন সফর করেছেন।

জনাব মোঃ কুতুব উল আলম বিবাহিত দুই সন্তানের জনক।